Bangladesh

# পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
## জাতীয় বিশ্ববিদ্যালয়
## বাংলাদেশ

মুজিব শতবর্ষ

স্মারক: জাতীঃবিঃ/পনিঃ/২য় বর্ষ অনার্স/৩৫(৪র্থ-অংশ)/৯৯২২

তারিখ ঃ ০১ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ
১৬ সেপ্টেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

## ২০২০ সালের অনার্স ২য় বর্ষের পরীক্ষার্থীদের শর্ত সাপেক্ষে ৩য় বর্ষে Promotion সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

২০২০ সালের অনার্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণের জন্য যেসব শিক্ষার্থী বিধি মোতাবেক অন-লাইনে কোর্স সম্পন্ন ও ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে আবেদন ফরম পূরণ করেছে সেসব শিক্ষার্থীদের বৈশ্বিক মহামারী কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় নিম্নলিখিত শর্তে ৩য় বর্ষে উন্নীত হবে। ২০১৭-১৮, ২০১৬-১৭ এবং ২০১৫-১৬ শিক্ষাবর্ষের যেসব অনিয়মিত শিক্ষার্থী "৩য় বর্ষে Promoted হয় নাই"। ২০২০ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের জন্য ফরম পূরণ করেছে তাদের ক্ষেত্রেও এ নিয়ম প্রযোজ্য হবে।

অনার্স ২য় বর্ষ থেকে অনার্স ৩য় বর্ষে প্রমোশনের শর্তসমূহ:

ক) ২০১৮-১৯ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০১৭-১৮, ২০১৬-১৭ ও ২০১৫-১৬ শিক্ষাবর্ষের অনিয়মিত শিক্ষার্থী যারা অন-লাইন বা ফেস টু ফেস ২য় বর্ষের সিলেবাস অনুযায়ী কোর্স সম্পন্ন করেছে।

খ) ২য় বর্ষের সকল ইনকোর্স পরীক্ষা সম্পন্ন করেছে এবং কলেজ কর্তৃক যাদের ইনকোর্স নম্বর বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করা হয়েছে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২০ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের জন্য ফরম পূরণ করেছে।

ঘ) মহামারী কোভিড-১৯ পরিস্থিতির উন্নতি হলে লিখিত এবং ব্যবহারিক পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হবে। পরীক্ষা রেগুলেশন অনুযায়ী লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করে কমপক্ষে ৩টি তত্ত্বীয় কোর্সে D বা এর বেশি পেতে হবে। প্রমোশনের নীতিমালা অনুযায়ী উত্তীর্ণ (Promoted) হতে ব্যর্থ হলে এই Conditional Promotion (শর্ত সাপেক্ষে উত্তীর্ণ) বাতিল বলে গণ্য হবে।

ঙ) সকল শিক্ষার্থী উল্লিখিত শর্ত মেনে নিয়ে এই Conditional Promotion (শর্ত সাপেক্ষে উত্তীর্ণ) গ্রহণে রাজি আছে এ মর্মে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত অঙ্গীকারনামায় (কপি সংযুক্ত) স্বাক্ষর করে হাতে হাতে বা স্ক্যান কপি ইমেইলে সংশ্লিষ্ট কলেজে জমা দেবে (*বিশ্ববিদ্যালয়ে প্রেরণের প্রয়োজন নেই*)।

চ) সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ মহোদয় সকল পরীক্ষার্থীর অঙ্গীকারনামা জমা নিয়ে এই সাথে সংযুক্ত (কপি সংযুক্ত) প্রত্যয়ন পত্র পূরণ করে ডাকযোগ/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আগামী **১৩/১০/২০২১** তারিখের মধ্যে *মো: মোহসীন ইকবাল, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, অনার্স ২য় বর্ষ শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪* এ ঠিকানায় প্রেরণ করবেন।

ছ) উপরে উল্লিখিত শর্তসমূহ পূরণ করলে Conditional Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদের ৩য় বর্ষে শর্ত সাপেক্ষে Promotion দিয়ে অন-লাইনে ক্লাস শুরু করা যাবে। এ ক্ষেত্রে নিয়মানুযায়ী তাদের ৩য় বর্ষে শর্ত সাপেক্ষে ভর্তি করা যাবে।

জ) যেসব শিক্ষার্থী ৩য় বর্ষে Promoted হয়েছে কিন্তু ২০২০ সালে অনার্স ২য় বর্ষে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করবে, তাদের ক্ষেত্রে এ বিধান প্রযোজ্য হবে না।

ঝ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল এবং সিন্ডিকেটের অনুমোদন সাপেক্ষে এ বিধান কার্যকর বলে গণ্য হবে। এ বিধান শুধুমাত্র মহামারী কোভিড-১৯ এর কারণে বিশেষ ব্যবস্থা হিসেবে বিবেচিত হবে। এটি ভবিষ্যতে উদাহরণ হিসেবে ব্যবহার করা যাবে না।

(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোনঃ ০২-৯২৯১০১৭

# জাতীয় বিশ্ববিদ্যালয়

## বাংলাদেশ

Website: www.nubd.info/honours

## শিক্ষার্থীদের অঙ্গীকারনামা

আমি নিম্নস্বাক্ষরকারী জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিতব্য ২০২০ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে কোর্স সম্পন্ন শেষে ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফরম পূরণ করেছি। জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত মোতাবেক আমি সকল শর্ত মেনে নিয়ে অনার্স ৩য় বর্ষে শর্ত সাপেক্ষে প্রমোশন নিতে সম্মত আছি। আমি পরবর্তীতে বিশ্ববিদ্যালয় ঘোষিত সময়সূচি অনুযায়ী সকল পরীক্ষায় অংশগ্রহণ করবো এবং পরীক্ষা রেগুলেশন অনুযায়ী প্রমোটেড হতে ব্যর্থ হলে আমার শর্ত সাপেক্ষে প্রদত্ত প্রমোশন বাতিল হবে এবং তাতে আমার কোনো আপত্তি থাকবে না।

| | | |
|---|---|---|
| পরীক্ষার্থীর নাম, স্বাক্ষর ও তারিখ | ঃ | |
| পিতার নাম | ঃ | |
| মাতার নাম | ঃ | |
| রেজিস্ট্রেশন নং | ঃ | |
| কলেজ কোড | ঃ | |
| শিক্ষাবর্ষ | ঃ | |
| কলেজের নাম | ঃ | |

বি: দ্রঃ সংশ্লিষ্ট কলেজ সংরক্ষণ করবে।